

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

নথি শাখাঃ সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৩১.২১.০২৩.২৪ নথির বিষয়: Procurement of Different Types of Spare Parts & others accessories for SWTP Water Transmission Network. কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: Procurement of Different Types of Spare Parts & others accessories for SWTP Water Transmission Network. কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১৩/৯/২৪ ২:১৫ অপরাহ্ন

অনুগ্রহ পূর্বক সংযুক্ত ক্রমিক নং-০১ হতে ০৫ পর্যন্ত দেখা যেতে পারে। সবিনয়ে জানানো যাচ্ছে যে, সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ হতে প্রতিদিন ৪৫ কোটি লিটার বিশুদ্ধ পানি মহানগরবাসির জন্য সরবরাহ করা হচ্ছে। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ এর প্রায় ৪৬ কি.মি দীর্ঘ পানির মেইন ট্রান্সমিশন লাইনে প্রেসার রিডিউসিং ভাল্ব, বাটারফ্লাই ভাল্ব, এয়ার রিলিজ ভাল্ব, গেট ভাল্ব ও ওয়াসআউট ভাল্ব সহ বিভিন্ন ধরনের ভাল্ব চেম্বার রয়েছে। উক্ত ভাল্ব গুলোর সাথে ৮ (আট)টি মডস জোনের ডিষ্ট্রিবিউশন লাইনে আন্তঃ সংযোগের মাধ্যমে অত্র শোধনাগারের বিশুদ্ধ পানি সরবরাহ করা হচ্ছে। উক্ত পানি সরবরাহ ব্যবস্থা সচল রাখতে প্রতিনিয়ত ট্রান্সমিশন লাইনে প্রেসার রিডিউসিং ভাল্ব, বাটারফ্লাই ভাল্ব, এয়ার রিলিজ ভাল্ব, গেট ভাল্ব ও ওয়াসআউট ভাল্ব পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কাজ করতে হয়। পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কাজ করার ফলে বিভিন্ন ধরনের সিভিল এবং ইলেকট্রো-মেকানিক্যাল স্প্যার পার্টস ব্যবহার হয়ে থাকে। কিছু সংখ্যক সিভিল এবং ইলেকট্রো-মেকানিক্যাল যন্ত্রপাতি ও মালামাল অনেক বছরের পুরোনো হওয়ায় একেজো হয়ে পড়েছে এবং নতুন কিছু মালামাল ক্রয় করা প্রয়োজন। পানির মেইন ট্রান্সমিশন লাইন এর মাধ্যমে সুষ্ঠুভাবে পানি সরবরাহের জন্য ট্রান্সমিশন নেটওয়ার্কে বিভিন্ন ধরনের ভাল্ব (ই-পিআরভি, বাটারফ্লাই, ওয়াশ-আউট এবং গেট ভাল্ব) পরিচালনা করে ০৮টি জোনের এলাকা সমূহে পানি সুষ্ঠুভাবে সরবরাহ করা হচ্ছে। সেই প্রেক্ষিতে মডস জোন সমূহের অভিযোগের প্রেক্ষিতে এবং অত্র অফিসের মাধ্যমে প্রতিনিয়ত বিভিন্ন এলাকায় ভাল্বের মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করা হয়ে থাকে। বিভিন্ন ধরনের ভাল্বের মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করার সময় চেম্বারের ভিতরে নামতে হয়, চেম্বারের ভিতরে বিভিন্ন ধরনের গ্যাস জমা থাকে বিধায় ভাল্ব চেম্বারে নামার আগে গ্যাসের উপস্থিতি পরিমাপের প্রয়োজন হয়। এজন্য গ্যাস ডিটেক্টর যন্ত্রও ক্রয় করা প্রয়োজন। এছাড়াও কিছু **safety item** ক্রয় করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১৩/৯/২৪ ২:১৬ অপরাহ্ন

আলোচ্য কাজটি বাস্তবায়নের লক্ষ্যে পূর্বের অনুমোদিত দর এবং PWD রোট সিডিউলের ভিত্তিতে “দাপ্তরিক প্রাক্কলন” উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলন দাঁড়িয়েছে মোট টাঃ ৯,৯৮,৫৫৯.৩৭২ (নয় লক্ষ আটানব্বই হাজার পাঁচশত ঊনষাট দশমিক তিন সাত দুই) টাকা মাত্র। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এর ২০২৪-২৫ ইং অর্থ বছরের বরাদ্দকৃত রাজস্ব পানির লাইন রক্ষণাবেক্ষণ (কোড নং-০১-০৪-০০১) খাত হতে নির্বাহ করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১৩/৯/২৪ ২:১৯ অপরাহ্ন

২০২৪-২৫ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভুক্ত কাজটি ই-জিপি পোর্টালের মাধ্যমে উন্মুক্ত দরপত্র (OTM) পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন রয়েছে। আলোচ্য কাজটি অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-১৫৪ এবং প্যাকেজ নং-G-25 তে অন্তর্ভুক্ত রয়েছে। সরবরাহ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬১ (১) ধারা অনুসারে এ ই-জিপি পোর্টালের মাধ্যমে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বান ও সম্পাদনের লক্ষ্যে CPTU কর্তৃক প্রণীত STD PG-2 অনুসরণ করে দরপত্র দলিল প্রণয়ন করা হবে। প্রণীত দরপত্র দলিলে কার্যক্রমকারী হিসেবে নির্বাহী প্রকৌশলী, সায়েদাবাদ পানি শোধনাগার(রক্ষণাবেক্ষণ) বিভাগ উল্লেখ করা হবে। ক্রমকারী কর্তৃক দরপত্র দলিল প্রণয়ন, দরপত্র আহ্বান, কার্য সম্পাদন নোটিশ জারী (NOA), চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন করা হবে।

সংযুক্তিসমূহ (৫):

১। ২০২৪-২৫ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।

২। মেইন ট্রান্সমিশন লাইনের চিত্র।

৩। টেকনিক্যাল স্পেসিফিকেশন।

৪। পূর্বের অনুমোদিত দরের কপি।

৫। আলোচ্য সরবরাহ কাজের প্রাক্কলন।

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ১৩/৯/২৪ ২:২১ অপরাহ্ন



এমতাবস্থায়, বর্ণিত অনুচ্ছেদ-১.০ হতে ১.২ পর্যন্ত তথ্যের আলোকে Procurement of Different Types of Spare Parts & others accsoris for SWTP Water Transmission Network. কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্ন বর্ণিত প্রস্তাব সমূহ অনুমোদন করা যেতে পারে।

(ক). উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধি ৬১ (১) এর অনুসারে ই-জিপি পোর্টালের মাধ্যমে উন্মুক্ত দরপত্র (OTM) পদ্ধতিতে দরপত্র আহবানের অনুমোদন।

(খ). উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন মোট টাঃ ৯,৯৮,৫৫৯.৩৭২ (নয় লক্ষ আটানব্বই হাজার পাঁচশত উনষাট দশমিক তিন সাত দুই) টাকা মাত্র এর অনুমোদন।


(গ). আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় পানির লাইন রক্ষণাবেক্ষণ (কোড নং-০১-০৪-০০১) খাত হতে নির্বাহের অনুমোদন।

উপরোক্ত প্রস্তাবনা সমূহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

			
১৫/৯/২৪ ২:২৬ অপরাহ্ন সুরত কুমার দেব উপ-সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	১৫/৯/২৪ ৫:১৬ অপরাহ্ন মোহাম্মদ মশিউর রহমান ভূঞা সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	১৫/৯/২৪ ৬:০৩ অপরাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	১৫/৯/২৪ ৬:০৩ অপরাহ্ন মিজা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

অনুচ্ছেদ ১.৪ - তারিখ: ১৫/৯/২৪ ৯:৩৮ অপরাহ্ন

Approved.

			
১৫/৯/২৪ ৯:৩৮ অপরাহ্ন মিজা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	১৬/৯/২৪ ১২:৫৩ অপরাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	১৯/৯/২৪ ৯:২৩ পূর্বাহ্ন মোহাম্মদ মশিউর রহমান ভূঞা সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	১৯/৯/২৪ ৯:২৩ পূর্বাহ্ন সুরত কুমার দেব উপ-সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)